

‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ নীতিমালা (সংশোধিত)

- শিরোনাম : ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ নীতিমালা।
- ভূমিকা : দেশের বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী শিক্ষার্থীগণকে লেখাপড়ার প্রতি উৎসাহ প্রদান এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০০৫ সাল হইতে ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ প্রবর্তন করা হয়।
- সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-
- ক) ‘কমিশন’ অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973); দ্বারা গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- খ) ‘পূর্ণ কমিশন’ অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973); অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খণ্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;
- গ) ‘চেয়ারম্যান’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;
- ঘ) ‘সদস্যবৃন্দ’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;
- ঙ) ‘সচিব’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;
- চ) ‘স্টিয়ারিং কমিটি’ অর্থ নীতিমালার আওতায় অ্যাওয়ার্ডি (Awardee) চূড়ান্ত মনোনয়নের জন্য গঠিত কমিটি;
- ছ) ‘নীতিমালা’ অর্থ ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ নীতিমালা।
- পদকের নাম : ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ হিসাবে বিবেচিত হইবে।
- উদ্দেশ্য : দেশের বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী শিক্ষার্থীগণকে লেখাপড়ার প্রতি অধিকতর উৎসাহ প্রদান।
- ফলাফলের সময়কাল : যেই বছরের পদকের জন্য মনোনয়ন চাওয়া হইবে, সেই বছরের ০১ জানুয়ারি হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়কালের মধ্যে প্রকাশিত ফলাফল বিবেচিত হইবে।
- দরখাস্ত আহ্বান : ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ সংক্রান্ত বিজ্ঞপ্তি দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর প্রেরণ করা হইবে। সেই সাথে ইউজিসি’র ওয়েবসাইটে (www.ugc.gov.bd) আপলোডকরণসহ বহুল প্রচারিত কমপক্ষে ০১টি বাংলা ও ০১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হইবে।
- যোগ্যতা/শর্তাবলি : ক) শুধুমাত্র মূলধারার (Main stream) ডিগ্রির জন্য অ্যাওয়ার্ড (Award) প্রদান করা হইবে;
- খ) পাবলিক বিশ্ববিদ্যালয় (জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত)-এর প্রতি অনুষদের বিভিন্ন বিভাগে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত প্রথম স্থান অধিকারী শিক্ষার্থীগণের মধ্য হইতে ভর্তি পরীক্ষার নম্বর ও অর্জিত ডিগ্রির নম্বর যোগ করিয়া সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে ১(এক)জন অ্যাওয়ার্ডিকে ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’-র জন্য মনোনয়ন দিতে হইবে;
- গ) বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ১০% (শতকরা ১০ নম্বর) যুক্ত করিয়া স্নাতক পরীক্ষার চূড়ান্ত ফলাফলের ৯০% (শতকরা ৯০ নম্বর) যোগ করিয়া মনোনয়ন দিতে হইবে;

পাতা-২

- ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয় হইতে চাহিত বছরে প্রকাশিত স্নাতক ডিগ্রি পর্যায়ে সর্বোচ্চ নম্বরধারী ১(এক)জন শিক্ষার্থীকে মনোনয়ন দিতে হইবে;
- ঙ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিক্যাল অনুষদ হইতে চাহিত বছরে প্রকাশিত এমবিবিএস ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বরধারী শিক্ষার্থীকে মনোনয়ন দিতে হইবে;
- চ) কোন অনুষদে স্নাতক পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থী একাধিক হইলে সেই ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হইলে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মনোনয়ন দিতে হইবে;
- ছ) যেই সকল বিশ্ববিদ্যালয়ে স্নাতক ডিগ্রি প্রদান করা হয় না, সেই সকল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Masters) ডিগ্রির ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বরধারী শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করিতে হইবে। কোন অনুষদে স্নাতকোত্তর পরীক্ষায় সর্বোচ্চ নম্বরধারী শিক্ষার্থী একাধিক হইলে সেই ক্ষেত্রে স্নাতক সম্মান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং স্নাতক সম্মান পরীক্ষার ফলাফল একই হইলে সেই ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হইলে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মনোনয়ন দিতে হইবে;
- জ) যদি একই বছরে একই অনুষদের একাধিক সেশনের ফল প্রকাশিত হয়, সেই ক্ষেত্রে বিভিন্ন সেশনের মধ্যে অনুষদে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন দিতে হইবে;
- ঝ) ইউজিসি কর্তৃক প্রদত্ত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিয়া বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক সীল স্বাক্ষরপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হইবে;
- ঞ) মনোনীত শিক্ষার্থীদের প্রত্যেকের জন্য পৃথক প্রত্যয়নপত্র (শিক্ষার্থীর নাম, বিশ্ববিদ্যালয়ের নাম, অনুষদের নাম, বিভাগের নাম, ডিগ্রির নাম ও ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক) স্বাক্ষর করিয়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হইবে;

- কমিটি : ১টি স্টিয়ারিং কমিটি, ৬টি উপ-কমিটি ও ১টি সম্পাদনা পরিষদ থাকিবে। কর্তৃপক্ষ উপ-কমিটির সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করিবেন।
- বিবিধ : কমিশন প্রয়োজনে ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ নীতিমালার শর্তাবলি সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও পরিমার্জন করিতে পারিবে। সেইক্ষেত্রে শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরিবর্তিত নীতিমালা মানিয়া নিতে বাধ্য থাকিবেন।
- আদেশ জারির কার্যকারিতা : কমিশন কর্তৃপক্ষের অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর বলিয়া গণ্য হইবে।
- অস্পষ্টতা দূরীকরণ : ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক’ মনোনয়ন/বাতিলের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।